SUB-REGISTRAR, BARRACKPORE

4-10-78

Exempt

For New Barrackpore Co-op. Homes Ltd.

Chairman

# মং ১৩০৲ টাকা পণের সাফ বিক্রয় কোবালা

| কোবালা গ্রহীতা ঃ | কোবালা দাতা ঃ |
| --- | --- |
| শ্রী গোবিন্দ মোহন ভট্টাচার্য্য | ১। দি নিউ বারাকপুর কো-অপারেটিভ |
| স্বামী/পিতা ৺ কৃষ্ণ চন্দ্র ভট্টাচার্য্য | হোমস্ লিমিটেডের পক্ষে চেয়ারম্যান |
| সাং নববারাকপুর ( ৫ নং ওয়ার্ড ) | শ্রী শৈলেন্দ্র নাথ পাল পিতা ৺ মথুরা নাথ পাল |
| পোঃ নিউবারাকপুর, থানা ঃ খড়দহ ; | সাং ও পোঃ নিউবারাকপুর, |
| জিলা ঃ ২৪-পরগণা। | থানা খড়দহ, জেলা ২৪-পরগণা। |
| জাতি হিন্দু পেশা অবসর | শ্রী জীবন কৃষ্ণ ভট্টাচার্য্য পিং ৺ অতুল লাল ভট্টাচার্য্য |
| | সাং/পো. নিউ বারাকপুর থানা খড়দহ, জেলা- ২৪পরগনা |

কস্য বসতবাসের মেয়াদী স্বত্বের জমিজমা মায় দরবস্ত হকহকুকের সাফ বিক্রয় কোবালাপত্রমিদং কার্য্যঞ্চাগে জেলা চব্বিশ পরগণা, থানা খড়দহের অন্তর্গত জে, এল ৫ মৌজে রামচন্দ্রপুর নিম্ন তপশিলে বর্ণিত ৫ কাঠা জমি সমেত অন্যান্য জমি কোবালাদাতা নিউ বারাকপুর কো-অপারেটিভ হোমস্ লিমিটেড পূর্ববঙ্গ হইতে আগত প্রকৃত উদ্বাস্তুদের জন্য পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক ১৯৪৮ সালের ওয়েষ্ট বেঙ্গল ল্যাণ্ড ডেভলপমেণ্ট এবং প্লানিং আইনের ৬নং ধারা অনুসারে ডিক্লারেশন ( যাহা ২৪-১১-৫৩ তারিখে কলিকাতা গেজেটে ৩৯০৮-৩৯০৯ পাতায় ২৩৮৭৮ নম্বরে প্রকাশিত ) অনুযায়ী অধিকৃত এবং যাহার জন্য উক্ত আইনানুসারে পূর্বেই উক্ত হোমস-এর সহিত পশ্চিমবঙ্গ সরকারের একটি চুক্তিপত্র স্বাক্ষরিত হইয়াছিল এবং তদানুসারে ছয় লক্ষের অধিক টাকা ব্যয় করিয়া পুনর্বাসনের জন্য একটি স্কীম করা হইয়াছিল এবং বিভিন্ন তারিখের বিভিন্ন দলিল মূলে ক্রয় করতঃ স্বত্ববান দলিলকার থাকাকালীন কোবালাদাতা উক্ত নিউ বারাকপুর কো-অপারেটিভ হোমস্ লিমিটেড নিম্ন তপশীলে বিশদভাবে বর্ণিত ৫ সাড়ে কাঠা বাস্তু জমি আপনি কোবালাগৃহীতা পূর্ববঙ্গের প্রকৃত উদ্বাস্তু এবং স্বীয় বসবাসের জন্য আপনার নিকট হইতে ১৩০৲ টাকা পণ গ্রহণ এবং বার্ষিক এক টাকা করে আপনাকে উনিত শত পঞ্চান্ন সালে জুন মাসের ১৭ই তারিখের এগ্রিমেণ্টমূলে বন্দোবস্ত ( Allotment ) করা হইলে আপনি উক্ত জমিতে গৃহাদি নির্মাণান্তে বসবাসপূর্বক স্বত্ববান দখিলকার আছেন। বর্তমানে কোবালাদাতা হোমস্ লিমিটেডের ১৯৫৮ সালের পনেরই আগষ্ট তারিখের বিশেষ সাধারণ সভা ও পরিচালক সভার ৮ই সেপ্টেম্বর ১৯৬৮ তারিখের সিদ্ধান্তানুসারে ( resolution ) নিম্ন তপশীলে বর্ণিত জমিজমা আপনার বরাবরে সাফ বিক্রয় কোবালামূলে হস্তান্তর করা আবশ্যক বিধায় উক্ত জমির প্রতি কাঠা জমির মূল্য ১৪০৲ টাকা ( একশত চল্লিশ ) টাকা মাত্র হিসাবে ৭০০৲ টাকার মধ্যে কোবালাদাতা সোসাইটির ১৯৫৬ সালের ২রা ডিসেম্বর তারিখের বিশেষ সাধারণ সভার ( প্রতিনিধি সভা ) গৃহীত সিদ্ধান্তানুসারে ( resolution ) পাঁচশত চল্লিশ ( ৫৪০৲ ) টাকা রেইয়াত বা মুসমা বাদে একশত ষাট (১৬০) টাকা ধার্যে এবং তাহা আপনার নিকট হইতে উল্লিখিত মতে পূর্বে প্রাপ্ত হইয়া আপনার

11-28 [illegible]
Oct 78
4th
Jiban Krishna Bhattachary

S Bhattacharya
4.10.78

শ্রীজীবনকৃষ্ণভট্টাচার্য্য

Execution by

THUMB IMPRESSION DISPENSED WITH
SUB-REGISTRAR, BARRACKPUR
4.10.78

Jiban Krishna Bhattacharji
S/o Lt. Amrita Lal Bhattacharji
of New Barrackpur
P.S. Khardaha
24 Pgs. Service Hindu As Constituted
attorney for Dhirendra Nath Paul Chairman
New Barrackpur Co-op Home Ltd.
is admitted by him

New Barrackpore Co-op. Homes Ltd.
শ্রীধীরেন্দ্র নাথ পাল
Chairman পক্ষে
আমমোক্তার-শ্রীজীবন কৃষ্ণ ভট্টাচার্য্য

Identified by
Mani Mohan Guha
S/o Lt. Jogendra Nath Guha
of New Barrackpur Khardaha
24 Pgs. Hindu
Business

শ্রীমণিমোহন গুহ

S Bhattacharya
SUB-REGISTRAR, BARRACKPUR
4.10.78

For New Barrackpore Co-op. Homes Ltd

বরাবরে অত্র সাফ বিক্রয় কোবালাদলিল সম্পাদন করিয়া দিয়া স্বীকার, অঙ্গীকার এবং প্রচার করিতেছি যে, নিম্ন তপশীল বর্ণিত জমিজমায় কোবালাদাতা হোমস্ লিমিটেডের যে সমস্ত স্বত্ব স্বামিত্ব ইত্যাদি আছে তাহা অত্র সাফ কোবালামূল্যে অদ্য হইতে সম্পূর্ণরূপে লোপ হইয়া আপনাতে বর্তিল এবং জমিজমা হইতে কোবালাদাতা হোমস্ লিমিটেড চিরতরে নিস্বত্ব এবং দখলশূন্য হইলেন ; ভবিষ্যতে কোবালাদাতা হোমস্ লিমিটেড নিম্ন তপশীলে বর্ণিত বিক্রীত সম্পত্তিতে কস্মিনকালেও দাবীদাওয়া করিতে পারিবেন না, করিলেও সর্বস্থলে এবং সর্বপ্রকারে অগ্রাহ্য হইবে। নিম্ন তপশিলে বর্ণিত বিক্রীত জমিজমায় আপনি কোবালাগৃহীত মালেক সেরেস্তায় এবং অন্যান্য আবশ্যকীয় স্থলে আপনার নিজ নাম পত্তনপূর্বক খাজনাদি এবং ট্যাক্সাদি আদায়ে নির্বূঢ় স্বত্বে স্বত্ববান দখিলকার হইয়া পুত্রপৌত্রাদি ওয়ারেশ ও স্থানাভিষিক্তক্রমে দান বিক্রয় হস্তান্তর করিবার এবং জমা বন্দোবস্তাদি দিবার ক্ষমতাযুক্ত এবং উক্ত জমিতে পাকা ইমারতাদি এবং স্যানিটারী পায়খানাদি প্রস্তুত এবং বসবাস এবং দাতা হোমস্-এর উপবিধি মানিয়া পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে কোবালাদাতা হোমস্ লিমিটেডের কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না। নিম্ন তপশীল সম্পত্তি বিক্রয় করিবার উক্ত নিউ বারাকপুর হোমস্ লিমিটেডের সম্পূর্ণ অধিকার ও ক্ষমতা আছে।

কোবালাদাতা হোমস্ তাহার স্বত্বাদি নির্দায় মুক্তাবস্থায় বিক্রয় করিলেন। মালেক সেরেস্তায় এবং অন্যান্য আবশ্যকীয় স্থানে আপনার নাম পত্তনে কোবালাদাতা হোমস্-এর সম্মতির আবশ্যক হইলে তেহ তাহা বিনাপত্তে দিতে বাধ্য থাকিলেন। সম্পত্তির পরিচয়াদি লিখিতে কোন ভুল বা ভ্রান্তি ভবিষ্যতে প্রকাশ পাইলে তাহার সংশোধনের আবশ্যকীয় দলিল আপনি কোবালাগৃহীতা আপনার খরচায় কোবালাদাতা হোমস্ লিমিটেড সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিবেন। প্রকাশ থাকে যে, উক্ত বিক্রীত সম্পত্তির আবদ্ধতায় আপনি কোবালাগৃহীতার কোন সরকারী ঋণ থাকিলে তাহা আপনি পরিশোধ করিতে বাধ্য রহিলেন। উহার জন্য কোবালাদাতা হোমস্-এর সরকার বাহাদুরের ৪।১২।৫৬ তারিখের নির্দেশে যে দায়িত্ব ছিল তাহা অদ্য হইতে বিলুপ্ত হইল।

এতদর্থে উল্লিখিত মতে কোবালার পণের টাকা প্রাপ্ত হইয়া কোবালাদাতা হোমস্ লিমিটেড অত্র দলিলের সকল মর্ম অবগত থাকিয়া অত্র কোবালা সম্পাদন করিয়া দিলেন। ইতি—১৯৭৮ সালের ইং ৪/২০ ।

তপশীল বর্ণিত সম্পত্তি ঃ জেলা ২৪ পরগণা, থানা খড়দহ, সাবরেজেষ্ট্রী বারাকপুর, পরগণা কলিকাতা মৌজা অর্জুনপুর জে. এল ৩৫ । রেঃ সাঃ ৯৬ তৌজি নং ১৭৯ মালেকের খতিয়ান নং ১৩৭ অধীন খতিয়ান নং ১৩৭ দাগ নং ২৩২ মধ্যে ৮$\frac{1}{4}$ শতক রায়তী স্বত্ব। [illegible]

## চৌহদ্দি

খং নং ১৩৭

দাগ নং ২৩২ দাগের ১.১৯ শতক মধ্যে ৮$\frac{1}{4}$ সওয়া আট শতক মাত্র

উত্তর রাস্তা

দক্ষিণ শ্রী দামোদর ভট্টাচার্য্য ও অন্য — শতক

পূর্ব রাধারাণী দেবী

পশ্চিম মধুসূদন ভট্টাচার্য্য

লিখিতং শ্রী-মদনমোহন চক্রবর্তী
সাং নিউ ব্যারাকপুর

ইসাদী Ranajit Ranjan Paul
Rahara

Registered I

12 257 to 260

4072 78

SUB-REGISTRAR, BARRACKPUR

5/10.78

SUB-REGISTRAR, BARRACKPUR

18-10-78.